

# ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ

সদর দফতর : রমনা, ঢাকা -১০০০

## বিজ্ঞপ্তি

২৫/০৭/২০১৬ তারিখে অনুষ্ঠিত পরীক্ষা কমিটির ১৬৬তম সভার সিদ্ধান্তক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে,


- (ক) অক্টোবর, ২০১৬ টার্মের এএমআইই সেকশন "এ" এবং সেকশন "বি" পরীক্ষাসমূহ আগামী ২৬/১০/২০১৬ তারিখ রোজ বুধবার হতে আরম্ভ হবে।
- (খ) ২৬/১০/২০১৬ তারিখ হতে অনুষ্ঠিতব্য এএমআইই পরীক্ষায় অংশগ্রহণের জন্য (সেকশন "এ" ও "বি") লেট ফি ব্যতীত ১৮/০৮/২০১৬ তারিখ পর্যন্ত এবং লেট ফি সহ ২৩/০৮/২০১৬ তারিখ পর্যন্ত পরীক্ষার আবেদনপত্র (Examination Form) গ্রহণ করা হবে।
- (গ) মার্কেটাইল ব্যাংক এর আইইবি শাখা অথবা যে কোন শাখায় আইইবি'র নির্ধারিত Deposit slip (সদর দফতর, ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী কেন্দ্রে সংরক্ষিত) এর মাধ্যমে পরীক্ষার ফি সমূহ (পরীক্ষার ফি, প্রেডসীট, আইডি কার্ড, লেট ফি, বার্ষিক চাঁদা ইত্যাদি) জমা দিয়ে Deposit slip আবেদনপত্রের সাথে সংযুক্ত করে দিতে হবে।
- (ঘ) পরীক্ষার আবেদনপত্র (Examination Form) পরীক্ষা বিভাগে জমা দেয়ার সময় ২০১৬-২০১৭ সনের বার্ষিক চাঁদার রশিদ/ Deposit slip দেখাতে হবে। ডাকযোগে আবেদনপত্র প্রেরণ করলে আবেদনপত্রের সাথে ২০১৬-২০১৭ সনের বার্ষিক চাঁদার রশিদের কপি/ Deposit slip পাঠাতে হবে।
- (ঙ) আবেদনপত্রে প্রার্থীর ছবি নির্ধারিত স্থানে আঠা দিয়ে লাগাতে হবে এবং ছবির উপরে সত্যায়িত করতে হবে। পরিচয়পত্রের ছবি নির্ধারিত স্থানে স্টেপলার পিন দিয়ে লাগাতে হবে।
- (চ) পরীক্ষার বিভিন্ন ফিস সমূহ :
- |                          |   |  |
|--------------------------|---|--|
| পরীক্ষার ফি (সেকশন "এ")  | — | প্রতি বিষয়ের জন্য ৮০০/- (আটশত টাকা) মাত্র |
| পরীক্ষার ফি (সেকশন "বি") | — | প্রতি বিষয়ের জন্য ৮০০/- (আটশত টাকা) মাত্র |
| প্রেডসীট ফি              | — | ২০০/- (দুইশত টাকা) মাত্র                   |
| আইডেনটিটি কার্ড ফি       | — | ১০০/- (একশত টাকা) মাত্র                    |
| লেট ফি                   | — | ৪০০/- (চারশত টাকা) মাত্র                   |
| বার্ষিক চাঁদা            | — | ৬০০/- (ছয়শত টাকা) মাত্র                   |
- (ছ) উক্ত AMIE পরীক্ষা ঢাকা (বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়), চট্টগ্রাম (চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়), খুলনা (খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়) ও রাজশাহী (রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়) কেন্দ্রে অনুষ্ঠিত হবে।
- (জ) সেকশন "বি" পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র/ছাত্রীদেরকে Diploma Certificate/ H.S.C পাশ হইলে মার্কসসীট সহ সনদপত্রের সত্যায়িত কপি পরীক্ষার আবেদনপত্রের সহিত জমা দিতে হবে। ইতোমধ্যে যাহারা পরীক্ষার আবেদনপত্রের সাথে সার্টিফিকেট জমা দিয়েছেন তাদেরকে আর সার্টিফিকেট জমা দিতে হবে না।

আবেদনপত্রে যোগাযোগের সুবিধার্থে ফোন নম্বর উল্লেখ করতে হবে।

সংশ্লিষ্ট সকল ছাত্র/ছাত্রীদিগকে তাদের নাম পরীক্ষার আবেদনপত্রে (সার্টিফিকেট মোতাবেক) সঠিকভাবে লিখার জন্য নির্দেশ দেয়া হল।

বিশেষভাবে উল্লেখ্য যে, পরীক্ষার হলে কোন প্রকার Text Book, Manuals, Data, Table, ইত্যাদি বাহির হতে নেয়া যাবে না। প্রয়োজনীয় Manuals, Data, Table, ইত্যাদি প্রশ্নপত্রের সাথে সংযুক্ত থাকবে। পরীক্ষার্থীর কাছে এগুলি পাওয়া গেলে তাহা শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হবে।

পরীক্ষার হলে programmable Calculator এবং মোবাইল ফোন ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ। তাই পরীক্ষার হলে মোবাইল ফোন এবং programmable Calculator না আনার জন্য নির্দেশ দেয়া হল।

  
(প্রফেসর ডঃ দীপক কান্তি দাশ)  
পরীক্ষা নিয়ন্ত্রক, আই, ই, বি

২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য

সূত্র নং - সদ/আইইবি/পরীক্ষা/বিজ্ঞপ্তি/২০১৬/৩৯০৮

তারিখ : ২৭/০৭/২০১৬ খ্রিঃ

অনুলিপি :

- ১। প্রেসিডেন্ট, আই, ই, বি।
- ২। ডাইস-প্রেসিডেন্ট (একাডেমিক)/(প্রশাসন ও অর্থ)/(এইচআরডি)/(এসএন্ডডব্লিউ), আই, ই, বি।
- ৩। সম্মানী সাধারণ সম্পাদক, আই, ই, বি।
- ৪। সম্মানী সহকারী সাধারণ সম্পাদক (একাডেমিক)/(প্রশাসন ও অর্থ)/(এইচআরডি)/এসএন্ডডব্লিউ, আই, ই, বি।
- ৫। চেয়ারম্যান/সম্মানী সম্পাদক, সকল কেন্দ্র, আই, ই, বি।
- ৬। চেয়ারম্যান/সম্পাদক, সকল উপকেন্দ্র, আই, ই, বি।
- ৭। সকল সদস্যগন, পরীক্ষা কমিটি, আই, ই, বি।
- ৮। চেয়ারম্যান, বিপিইআরবি।
- ৯। রেজিস্ট্রার, ইএসসিবি, আইইবি।
- ১০। ট্রেনিং ম্যানেজার, ট্রেনিং উইং, আইইবি।
- ১১। নির্বাহী কর্মকর্তা, আইইবি।
- ১২। সহকারী নির্বাহী কর্মকর্তা (অর্থ ও হিসাব)/(একাডেমিক), আই, ই, বি।
- ১৩। সকল শাখা প্রধান, আই, ই, বি।
- ১৪। নোটিশ বোর্ড।



(প্রফেসর ডঃ মোঃ আবুল কাশেম মিয়া)  
সম্মানী উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, আই, ই, বি